# সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৬৭৬৬

৮৫/ ফারায়িয (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৮৫/২৯. যে নিজের পিতা বাদে অন্যকে পিতা বলে দাবি করে।

بَاب مَنْ ادَّعَى إِلَى غَيْرِ أَبِيهِ

আরবী

مُسَدَّدٌ حَدَّثَنَا خَالِدٌ هُوَ ابْنُ عَبْدِ اللهِ حَدَّثَنَا خَالِدٌ عَنْ أَبِي عُثْمَانَ عَنْ سَعْدٍ قَالَ سَمِعْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم يَقُولُ مَنْ ادَّعَى إِلَى غَيْرِ أَبِيهِ وَهُوَ يَعْلَمُ أَنَّهُ غَيْرُ أَبِيهِ فَالْجَنَّةُ عَلَيْهِ حَرَامٌ

বাংলা

৬৭৬৬. সা’দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, যে অন্যকে নিজের পিতা বলে দাবি করে অথচ সে জানে যে সে তার পিতা নয়, জান্নাত তার জন্য হারাম।[1] [৪৩২৬; মুসলিম ১/২৭, হাঃ ৬৩, আহমাদ ১৫৫৩] (আধুনিক প্রকাশনী- ৬২৯৮, ইসলামিক ফাউন্ডেশন- ৬৩১০)

## English

Narrated Sa`d:

I heard the Prophet (ﷺ) saying, "Whoever claims to be the son of a person other than his father, and he knows that person is not his father, then Paradise will be forbidden for him

ফুটনোট

[1] হাদীসটিকে কিতাবুল ফারায়িযে বর্ণনা করার উদ্দেশ্য হল নিজ পিতা ব্যতীত অন্যকে পিতা সম্বোধন করার ফলে উত্তরাধিকারী সাব্যস্ত না হবার প্রতি ইঙ্গিত করা। হাদীসটি হতে আরো জানা যায় : (১) নিজ পিতা ব্যতীত অন্যকে পিতা সম্বোধন করা জঘন্য পাপ। (২) অজ্ঞাত কারণে অন্যকে পিতা সম্বোধন দোষণীয় নয়। যেমন- জন্মের পর পরই যদি কারো তত্ত্বাবধানে থেকে পিতা-পুত্রের পরিচয়ে বড় হতে থাকে কিন্তু ছেলেটি জানে না যে, সে তার প্রকৃত পিতা নয়। ফলে সে তাকে তার নিজ পিতার মতই সম্বোধন করে। (ফাতহুল বারী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সা’দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=31543

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন